



সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০৩.২৫.১৩২.২০. ২৬৫ (৪)

তারিখ: ০৭ নভেম্বর, ২০২০ খ্রি.


প্রেস রিলিজ

ঢাকা, ০৭ নভেম্বর, ২০২০ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং-এর লক্ষ্যসমূহ অর্জনের উদ্দেশ্যে “আশ্রয়ণ প্রকল্প” বিষয়ে একটি প্রশিক্ষণ কর্মশালা ০৭ নভেম্বর, ২০২০ খ্রি. অনুষ্ঠিত হয়। এ প্রশিক্ষণ কর্মশালায় কর্মশালায় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, তথ্য মন্ত্রণালয় ও এর বিভিন্ন অধিদপ্তর, কমিউনিটি বেতার এবং বিভিন্ন ইলেকট্রনিক গণমাধ্যমে কর্মরত গণমাধ্যমকর্মীসহ ৫০ জন অংশগ্রহণ করেন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শাহিন ইসলাম, এনডিসি উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এ কর্মশালায় সম্পদব্যক্তি হিসেবে অংশ নেন জনাব মো. মাহবুব হোসেন, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা এবং জনাব এ এইচ এম বজলুর রহমান, সিইও, বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও এন্ড কমিউনিকেশন (বিএনএনআরসি)। কর্মশালাটি সঞ্চালনা করেন ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) জনাব মো: নজরুল ইসলাম।

এ প্রশিক্ষণ কর্মশালায় আশ্রয়ণ প্রকল্প: উদ্দেশ্য, অর্জনসমূহ এবং ভবিষ্যৎ পরিকল্পনা এবং গণমাধ্যম কর্মীদের ভূমিকা বিষয়ে আলোকপাত করা হয়। এ প্রশিক্ষণ কর্মশালায় তথ্য ও প্রযুক্তি সম্পর্কিত এবং কারিগরি কাজের তত্ত্বাবধান করেন প্রোগ্রামার জনাব মোহা: আব্দুস সালাম এবং রিপোর্টার হিসেবে দায়িত্ব পালন করে জনাব নাফিস আহমেদ, সহকারি পরিচালক (বেতার প্রকৌশল)।


০৭.১১.২০২০

আবদুল হান্নান
(গণসংযোগ কর্মকর্তা)
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ:

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/এটিএন বাংলা/চ্যানেল আই/একুশেটিভি/এনটিভি/সময়টিভি/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক প্রথম আলো/দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিকভোরের পাতা/দৈনিকসকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। কার্যালয় নথি।